সমঝি-৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

মুজিব বর্ষ 100

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার মার্চ, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব ইফতেখার ইউনুস, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ১৪/০৩/২০২২ খ্রি., বেলা ১১.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করে উপজেলার করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে চলাসহ আইন শৃঙ্খলা রক্ষায় সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	<u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ</u> সভাপতি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া।
	<u>উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ</u> সভাপতি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় জানান, উপজেলায় প্রায়ই মোবাইল ফোনে অর্থ আদায়ের ঘটনা ঘটেছে। তিনি স্ব-স্ব এলাকায় অর্থ আদায়ের চক্রের প্রতি সতর্ক দৃষ্টি রেখে আইনের আওতায় আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেন। উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে উন্মুক্ত আলোচনায় উপস্থিত ইউ, পি চেয়ারম্যানগণ জানান, বর্তমানে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল এবং আগের তুলনায় অনেক উন্নতি হয়েছে। জনাব মোঃ আসলাম খান, মাননীয় মন্ত্রীর প্রতিনিধি জানান, রাঙ্গুনিয়া পৌরসভা আওতাধীন ৬ নং ওয়ার্ডে মসজিদ নিয়ে মুসল্লিদের মধ্যে যে সমস্যা ছিল উহা সামজিক ভাবে আলোচনার মাধ্যমে সমাধান করা হয়। তিনি মসজিদ নিয়ে সমস্যাটি সমাধানে প্রয়োজনীয় সহযোগিতা করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। চেয়ারম্যান, সরফভাটা ইউ,পি জানান, দঃ রাঙ্গুনিয়ায় অরক্ষিত পাহাড়ী এলাকায় সন্ত্রাসীদের অভয়ারণ্য হওয়ায় ড. হাসান মাহমুদ এম,পি, ও মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জনসাধারণের নিরাপত্তার জন্য অস্থায়ী পুলিশ ক্যাম্প স্থাপন করে দিয়েছেন। তিনি মাননীয় মন্ত্রীকে জনসাধারণের জানমাল সুরক্ষা করে দেয়ায় জনসাধারণের পক্ষ হতে মাননীয় ড. হাসান মাহমুদ এম,পি, ও মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলেই একই মতামত ব্যক্ত করেন। সভাপতি উপজেলার অপরাধ চিত্র সম্পর্কে সভাকে অবগত করানোর জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে আহ্বান জানালে অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম জানান, আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন ও নিয়ন্ত্রণে রাখার প্রচেষ্টা	১) পুলিশি টহল জোরদারকরণ, স্ব-স্ব এলাকায় অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামীদের গ্রেফতারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ১) দঃ রাঙ্গুনিয়ায় সরফভাটা ইউনিয়নে অস্থায়ী পুলিশ ক্যাম্প স্থাপনে জনসাধার - -ণের জানমাল সুরক্ষা হওয়ায় ড. হাসান মাহমুদ এম,পি, ও মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশসহ ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	

CamScanner

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনার বিষয়বস্তু</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২</td><td>অব্যাহত আছে। একটি মহল বিকাশের মাধ্যমে অর্থ আদায়ের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রতারকদের গ্রেফতারে অনেক চেষ্টা করা হলেও অদ্যাবধি গ্রেফতার করা সম্ভব হয়নি। এ বিষয়ে বিকাশ মাধ্যমে অর্থ আদায়ের প্রতারকদের খপ্পড়ে না পড়ার জনসচেতনতা সৃষ্টির জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে আহ্বান জানান এবং নিম্নরূপে ফেব্রুয়ারি,২০২২ মাসের অপরাধ চিত্র পেশ করেন। চিত্র পেশ করেন।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিবরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>মাদক</td><td>৭</td></tr>
<tr><td>২</td><td>অন্যান্য</td><td>১২</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>১৯</td></tr>
</table>
সভাপতি, থানার অপরাধ চিত্র বিষয়ে বিস্তারিত আলোচনায় করেন। বিস্তারিত আলোচনায় তিনি আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ পূর্বক বিভিন্ন অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনাসহ পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>৩</td><td><u>মাদক/ইয়াবা ব্যবসা ও ইভটিজিং সংক্রান্ত ঃ</u>
সভাপতি ইভটিজিং কার্যক্রম/মাদক ব্যবহার সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, অনেক সময় ইভটিজিং সংক্রান্ত কার্যক্রম ঘটলেও সামাজিক বা অন্যান্য প্রভাবের কারণে ঘটনা সমূহ প্রকাশ পায় না। তিনি স্ব-স্ব এলাকায় ইভটিজিং ঘটনার সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার কিংবা অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে তাৎক্ষনিক ভাবে সংবাদ দেয়াসহ মাদক ও ইভটিজিং কার্যক্রমে জড়িদের আইনের আওতায় আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে অনুরোধ করেন এবং এ বিষয়ে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানান।</td><td>ইভটিজিং কার্যক্রমে/মাদক-ইয়াবা ব্যবসার সহিত জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>৪</td><td><u>ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রমজানে বাজারের দ্রব্যমূল্য মূল্য স্থিতিশীল রাখা সংক্রান্ত ঃ</u>
সভাপতি জানান, ভ্রাম্যমান আদালত পরিচালনার কার্যক্রম অব্যাহত আছে। আসন্ন পবিত্র রমজানে বাজারের দ্রব্য মূল্য যাতে স্থিতিশীল থাকে সে বিষয়ে সতর্ক নজর রাখার জন্য সকল জনপ্রতিনিধিদের আহ্বান জানান। ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যাহত থাকবে বলে জানান এবং ভ্রাম্যমান আদালত চলাকালে আইন-শৃঙ্খলা রক্ষায় সকলের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।</td><td>আসন্ন পবিত্র রমজানে বাজারের দ্রব্য মূল্য স্থিতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ভ্রাম্যমান আদালত কার্যক্রম অব্যাহত রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রশাসন কর্তৃপক্ষ, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম এবং সংশ্লিষ্ট সকল।</td></tr>
</table>

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করেন ।

২৪/০৩/২০২২

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unoranguunia@mopa.gov.bd

CamScanner

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২২-২৫৯ তারিখ: ২৯ ফাল্গুন, ১৪২৮ বাংলা
১৪ মার্চ, ২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

সদয় অবগতির জন্য।

১। ড. হাছান মাহ্‌মুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা ....কর্মকর্তা (সকল) রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। জনাব .... রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। অফিস নথি।

২৪/০৩/২০২২

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unoranguria@mopa.gov.bd

CamScanner